**তথ্য কমিশন**

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ৩০/২০১৪**

**অভিযোগকারী ঃ জনাব বিপ্লব কুমার কর্মকার**
শহীদ স্মৃতি হল
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
পলাশী, ঢাকা।

**প্রতিপক্ষ ঃ জনাব নেয়ামত উল্লাহ**
পরিচালক (বিসিএস পরীক্ষা শাখা)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।

**সিদ্ধান্তপত্র।**

**(তারিখ ঃ ২৯-০৬-২০১৪ ইং)**

অভিযোগকারী জনাব বিপ্লব কুমার কর্মকার ৩০-১২-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হেলেনা বেগম বরাবরে জি ই পি ডাকযোগে নিম্ন লিখিত ০৩ টি (তিনটি) তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**প্রশ্ন ১ঃ দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করা ২৯ তম বিসিএস পরীক্ষায় বিভিন্ন ক্যাডারপ্রাপ্ত নিম্নলিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের লিখিত ও ভাইবা নম্বর কত? (অনুগ্রহপূর্বক ছক মোতাবেক পূরণ করুন)**
**প্রশাসন ঃ ০০৭২৫১, ০২৭৪৮৩, ০০৭০৪৯, ০৩৫২৭৯, ০২৮৫০৫**
**পররাস্ট্র ঃ ০০৭৫২৫, ০৫৮৪৫৫, ০১৫৯০৫, ০৬৪৩৩২, ০০৯৮৯০**
**শুল্ক ও আবগারী ঃ ০৬৬৫৯২, ৩০২৩২৫, ০১১১০৯, ০৩৪৩৯৪, ০৫৯১২৪**
**কর ঃ ০৫৮৭১৬, ০০৯৯৫৬, ০৫০৫১১, ০০১২০৮, ০০৮২১৫**
**পুলিশ ঃ ০৭৩১৬৯, ৪০০৮০২, ০৬৭৩৭২, ০৩৬৩৭৬, ০৬৬৮৫৬**
**ছকঃ**

| রেজিস্ট্রেশন নং | মোট লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর | ভাইভার প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| ০০৭২৫১ | | |

**প্রশ্ন ২ঃ ২৯ তম বিসিএস পরীক্ষার নিম্নলিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তি (বিষয় কোড- ০১০) বিষয়ের উত্তর পত্রের ফটোকপি-**
**১১৩৪২৪, ১১৩৬৬৭, ১১৩৮২৪, ১১৩৯০১, ১১৩৯০৫, ০০৭২৫১, ০০৭৫২৫, ০৬৬৫৯২, ০৫৮৭১৬, ০৭৩১৬৯।**
**প্রশ্ন ৩ঃ তথ্য কমিশনের ৮৮/২০১৩ নম্বর অভিযোগের রায়ের প্রেক্ষিতে আপনাদেরকে যে তথ্যগুলো বিগত ২৬-১১-২০১৩ তারিখের মধ্যে দিতে বলা হয়েছিল তা অদ্যাবধি পাইনি। আপনারা কি সেই রায়ের প্রতি শ্রদ্ধাশীল?**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৯-০২-২০১৪ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব চৌধুরী মোঃ বাবুল হাসান বরাবরে জি ই পি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনে তিনি প্রশ্ন-১ ও প্রশ্ন-২ এ উল্লিখিত দু'টি তথ্য প্রার্থনা করেছেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৩-০৩-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১০-০৪-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ৩০-০৪-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব বিপ্লব কুমার কর্মকার ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ডায়না ইসলাম হাজির হয়ে তাদের বক্তব্য উপস্থাপন করেন। অধিকতর শুনানীর লক্ষ্যে কমিশন কর্তৃক ০৯-০৬-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

(অ ঃ পৃঃ দ্রঃ)

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী সময়ের আবেদন করে গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হাজির হয়ে শুনানীকালে সময়ের আবেদন করেন। কমিশন কর্তৃক সময় মঞ্জুর করা হয় এবং ২৯-০৬-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব বিপ্লব কুমার কর্মকার ও প্রতিপক্ষ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরিচালক (বিসিএস পরীক্ষা শাখা) ও পরিবর্তিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নেয়ামত উল্লাহ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ হাদিউল ইসলাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৭। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত বিভিন্ন নিয়োগ পরীক্ষার গোপনীয় দলিলপত্র বিশেষ করে প্রার্থীদের মৌখিক পরীক্ষার নম্বরপত্রের প্রেসিসমূহ পূর্ণ কমিশনের সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী নোটশিট আকারে সীলকৃত অবস্থায় সার্বক্ষণিক পুলিশ প্রহরায় কমিশনের ভল্টরুমে সংরক্ষিত থাকে। মৌখিক পরীক্ষার নম্বর সংবলিত প্রেসিসমূহের সীলকৃত গোপন তথ্য ভল্টরুম থেকে উন্মুক্ত করে ইতোপূর্বে কোন প্রার্থীকে বা কোন আদালতকে অদ্যবধি প্রদান করা হয়নি। পুলিশ প্রহরায় ভল্টরুমে রক্ষিত এ ধরনের গোপনীয় দলিল উন্মুক্ত করে তথ্য অধিকার আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী কোন প্রার্থীকে তথ্য প্রদান করতে হলে সংশ্লিষ্ট বিধি-বিধান পর্যালোচনান্তে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সাধারণ সভার সিদ্ধান্ত প্রয়োজন। কাজেই সরকারি কর্ম কমিশনের সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী ভল্টরুমে সংরক্ষিত গোপনীয় দলিলপত্র সরকারি কর্ম কমিশনের সাধারণ সভার সিদ্ধান্ত ছাড়া উন্মুক্ত করা প্রথাগত নিয়ম নয় বলে অবহিত করেন। অভিযোগকারীর প্রার্থীত ২৯ তম বিসিএস এর মৌখিক পরীক্ষার নম্বরসহ অন্যান্য তথ্য প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণকল্পে সরকারি কর্ম কমিশনের ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন সময় প্রয়োজন।

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি, অভিযোগের গুরুত্ব এবং সরকারী কর্ম কমিশনের সময়ের আবেদন পর্যালোচনাপূর্বক আগামী ১৫-০৭-২০১৪ তারিখের মাঝে প্রার্থীত তথ্য সরবরাহ করা সমীচীন মর্মে কমিশন অভিমত ব্যক্ত করেন।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিস্পত্তি করা হলো ঃ-

১। তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১৫-০৭-২০১৪ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যাদি সরবরাহ করার জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরিচালক (বিসিএস পরীক্ষা শাখা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নেয়ামত উল্লাহ কে নির্দেশনা প্রদান করা হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
| **(অধ্যাপক ড. সাদেকা হালিম)** | **(মোহাম্মদ আবু তাহের)** | **(মোহাম্মদ ফারুক)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[মিজান]